**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 11/16/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# 85 মিলিয়ন মার্কিন ডলারের নিউ ইয়র্ক ক্লিন ট্রান্সপোর্টেশন প্রাইজ প্রোগ্রামে গভর্নর হোকল দশটি গ্র্যান্ড প্রাইজ বিজয়ীর নাম ঘোষণা করেছেন

***উদ্ভাবনী, প্রতিস্থাপনমূলক প্রকল্পগুলো বায়ু দূষণ কমাবে এবং নিউ ইয়র্ক স্টেট জুড়ে অনুন্নত কমিউনিটিগুলোতে বিদ্যুতায়ন ও পরিবহনের বিকল্প ব্যবস্থাগুলোকে সম্প্রসারিত করবে***

***2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমন 85 শতাংশ কমাতে জলবায়ু বিষয়ক নেতৃত্ব এবং কমিউনিটি সুরক্ষা আইনের লক্ষ্যগুলো অর্জনে সহায়তা করে***

85 মিলিয়ন মার্কিন ডলারের নিউ ইয়র্ক ক্লিন ট্রান্সপোর্টেশন প্রাইজ প্রোগ্রাম (New York Clean Transportation Prizes Program)-এর অংশ হিসেবে ক্লিন ট্রান্সপোর্টেশন সুবিধা উন্নত করতে, পরিবহনের বিকল্প ব্যবস্থাগুলো উন্নত করতে এবং উদ্ভাবনীমূলক পরিবহন সমাধানের মাধ্যমে ক্ষতিকারক গ্যাসের নির্গমন কমাতে গভর্নর হোকল আজ দশটি গ্র্যান্ড প্রাইজ পুরস্কার ঘোষণা করেছেন। নিউ ইয়র্ক স্টেট এনার্জি অ্যান্ড রিসার্চ ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy and Research Development Authority) কর্তৃক পরিচালিত, নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব পাবলিক সার্ভিস (New York State Department of Public Service) এবং নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন (New York State Department of Environmental Conservation)-এর সাথে অংশীদারিত্বে ভিত্তিতে নির্বাচিত প্রতিস্থাপনমূলক প্রকল্পগুলো নিউ ইয়র্ক স্টেট জুড়ে অনুন্নত কমিউনিটিগুলোতে আধুনিকায়নমূলক বিনিয়োগের প্রতিনিধিত্ব করে। এই ঘোষণাটি স্টেটের শীর্ষ-নেতৃস্থানীয় জলবায়ু বিষয়ক নেতৃত্ব এবং 2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউস গ্যাস নির্গমন কমিয়ে আনার কমিউনিটি সুরক্ষা আইনের লক্ষ্যগুলোকে সমর্থন করে এবং 40 শতাংশের লক্ষ্যে কমপক্ষে 35 শতাংশ ক্লিন এনার্জি বিনিয়োগের সুবিধাগুলো পিছিয়ে পড়া কমিউনিটির জন্য পরিচালিত হবে।

**গভর্নর হোকল বলেন,** "নিউ ইয়র্ক স্টেটের ঐতিহাসিকভাবে পিছিয়ে পড়া কমিউনিটির জন্য পরিবেশ-বান্ধব পরিবহন ব্যবস্থায় এখনও সবচেয়ে উল্লেখযোগ্য বিনিয়োগ প্রদান করতে পেরে আমি গর্বিত।" "পরিবেশ-বান্ধব পরিবহন ব্যবস্থার বিকল্পগুলোতে অ্যাক্সেসের উন্নতি, ট্রাক ও বাসগুলোকে বিদ্যুতায়ন করা এবং বায়ু দূষণ হ্রাস করে এমন প্রকল্পগুলোকে সমর্থন করে যা বাসিন্দা ও ভ্রমণকারীদের কর্মসংস্থান সৃষ্টি করার সময়, স্বাস্থ্যের উন্নতি এবং জলবায়ু পরিবর্তনের

প্রভাবগুলো হ্রাস করার সময় কমিউনিটি পরিষেবা, বিনোদন এবং কাজের সুযোগগুলোকে আধুনিক করে তোলো।"

**লেফটেন্যান্ট গভর্নর অ্যান্তোনিও ডেলগাডো বলেন,** "আজকে ঐতিহাসিকভাবে প্রান্তিক জনগোষ্ঠীকে উপকৃত করার জন্য পরিবেশ-বান্ধব পরিবহন ব্যবস্থার অত্যাধুনিক সমাধান এবং মডেলগুলোতে নিউ ইয়র্কের শীর্ষ-নেতৃস্থানীয় বিনিয়োগের ক্ষেত্রে একটি বড় চমক।" "ক্লিন ট্রান্সপোর্টেশন প্রাইজ প্রোগ্রামের মাধ্যমে, গ্র্যান্ড প্রাইজ পুরস্কাররপ্রাপ্তরা ভবিষ্যৎ-চিন্তামূলক প্রকল্পগুলো তৈরি করেছে যা পরিবহন ব্যবস্থার ঘাটতিগুলো পূরণ করতে, স্থানীয় ক্লিন এনার্জি সংশ্লিষ্ট কার্যক্রমগুলোকে উৎসাহিত করতে এবং যে অঞ্চলগুলোর সবচেয়ে বেশি প্রয়োজন সেগুলোতে দূষণ কমাতে গুরুত্বপূর্ণ কমিউনিটির ইনপুটকে প্রতিফলিত করে।"

লেফটেন্যান্ট গভর্নর ডেলগাডো এক দিনব্যাপী শোকেস ইভেন্টের পর নিউ ইয়র্কের কুইন্সের জন এফ. কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দরে TWA হোটেলে আয়োজিত একটি পুরস্কার বিতরণী অনুষ্ঠানে এই ঘোষণা দেন যেখানে প্রোগ্রামের প্রথম ধাপের অধীনে ঘোষিত ফাইনালিস্টগণ তাদের অত্যাধুনিক প্রযুক্তি ও পরিষেবা বিষয়ক সমাধান উপস্থাপন করেছে।

**গ্র্যান্ড প্রাইজ পুরস্কারপ্রাপ্তবৃন্দ**
প্রোগ্রামের দ্বিতীয় ধাপে, গ্র্যান্ড পুরস্কার ছিল মোট 82 মিলিয়ন মার্কিন ডলার, যার সাথে 2022 সালের জানুয়ারিতে প্রোগ্রামের প্রথম ধাপের অধীনে 17 জন চূড়ান্ত প্রতিযোগীকে পেশাদার পরিকল্পনা বিষয়ক নির্দেশিকা এবং কমিউনিটির প্রতিক্রিয়ায় তাদের প্রস্তাবগুলোকে আধুনিকায়ন করার জন্য অতিরিক্ত 3 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছিল। আপডেটকৃত প্রস্তাবগুলো তারপরে প্রোগ্রামের দ্বিতীয় ধাপের অধীনে জমা দেওয়া হয়েছিল এবং গ্র্যান্ড পুরস্কার নির্বাচনের জন্য বিবেচনা করা হয়েছিল।

ক্লিন নেবারহুডস চ্যালেঞ্জ:
তিনটি গ্র্যান্ড পুরস্কার যার প্রতিটি প্রকল্পের জন্য 10 মিলিয়ন মার্কিন ডলারের প্রদান করা হয়েছে যেগুলো পিছিয়ে পড়া কমিউনিটিগুলোতে বায়ু দূষণ কমানোর বিষয়ে কথা বলে।

নিউ ইয়র্ক সিটি**:**

- ক্লিন ট্রানজিট অ্যাক্সেস প্রোগ্রাম - ডলারাইডের নেতৃত্বে NYC ডলার ভ্যানকে বিদ্যুতায়ন করে
- দ্য ব্রঙ্কস ইজ ব্রিদিং: রেইমাগিনিং এ ক্লিনার হান্টস পয়েন্ট যা ভলভো টেকনোলজি অব আমেরিকার নেতৃত্বাধীন ভলভো গ্রুপ নর্থ আমেরিকার একটি সহায়ক

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক:

- লোকাল ইনিশিয়েটিভস সাপোর্ট কর্পোরেশন ওয়েস্টার্ন নিউ ইয়র্ক অফিস (Local Initiatives Support Corporation Western New York Office)-এর নেতৃত্বে বাফেলোর ক্লিন মোবিলিটি ফিউচার (Clean Mobility Future)-এর জন্য কর্মী, স্থান এবং নীতিমালাকে সমন্বিত করে

ইলেকট্রিক মবিলিটি চ্যালেঞ্জ:
চারটি গ্র্যান্ড পুরস্কার যার প্রতিটি প্রকল্পের জন্য 7 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছিল যা বৈদ্যুতিক পরিবহন ব্যবস্থার বিকল্প সুবিধা প্রদর্শন করে পিছিয়ে পড়া কমিউনিটির চাহিদাবলি পূরণ করে।

লং আইল্যান্ড:

- প্রোমোটিং সাসটেইনেবল ট্রান্সপোর্টেশন: সার্কিট ট্রানজিট ইনকর্পোরেটেড (TFR হোল্ডিংস কর্পোরেশনের মাধ্যমে)-এর নেতৃত্বে লং আইল্যান্ডে বৈদ্যুতিক মাইক্রো-শাটল পরিষেবাদান

মিড-হাডসন:

- প্রজেক্ট MOVER: EIT InnoEnergy USA-এর নেতৃত্বে ব্যাপক আকারে ই-মাইক্রো-মোবিলিটি রেপ্লিকেশনের দিকে অগ্রসর হওয়া

নিউ ইয়র্ক সিটি:

- রেভেল ট্রানজিটের নেতৃত্বে রেড হুক রিচার্জ জোন

সাউদার্ন টিয়ার:

- টম্পকিনস কাউন্টি ট্রান্সপোর্টেশন ইক্যুইটি অ্যান্ড অ্যাক্সেস প্রজেক্টের নেতৃত্বে টম্পকিনস কনসোলিডেটেড এরিয়া ট্রানজিট

ইলেকট্রিক ট্রাক & বাস চ্যালেঞ্জ:
বিদ্যুতায়িত চাহিদা পূরণ বা মাঝারি- এবং ভারী-কাজের বৈদ্যুতিক যানবাহনের প্রতিস্থাপন সম্পন্ন করে এমন প্রকল্পগুলোর জন্য ৪ মিলিয়ন মার্কিন ডলারের তিনটি গ্র্যান্ড প্রাইজ দেওয়া হয়েছিল।

মিড-হাডসন, নিউ ইয়র্ক সিটি:

- CALSTART-এর নেতৃত্বে পরিবহন ব্যবস্থায় মালবাহী বিদ্যুতায়ন-একটি-সার্ভিস

নিউ ইয়র্ক সিটি:

- ক্রুগার ট্রান্সপোর্টের নেতৃত্বে নিউ ইয়র্ক ফুয়েল সেল বাস & হাইড্রোজেন ইনফ্রাস্ট্রাকচার ডেপ্লয়মেন্টসকে ত্বরান্বিত করে
- নিউ ইয়র্ক সিটি স্কুল বাস আম্ব্রেলা সার্ভিসের নেতৃত্বে ব্রঙ্কসে স্কুল বাসগুলোকে বিদ্যুতায়ন করে

**ডোরিন এম. হ্যারিস, প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা, NYSERDA এবং সহ-সভাপতি, ক্লাইমেট অ্যাকশন কাউন্সিল বলেন,** "পিছিয়ে পড়া কমিউনিটিগুলোতে পরিবহনজনিত প্রতিবন্ধকতা দূর করতে অগ্রাধিকারমূলক চাহিদা পূরণকে সমর্থন করার জন্য

স্টেটীয় সংস্থা, উদ্ভাবক এবং ইউটিলিটিগুলোর সাথে অংশীদারিত্ব বজায় রাখতে পেরে আমরা গর্বিত। এই প্রতিস্থাপনমূলক সমাধানগুলো উদ্ভাবনী পরিবহন ব্যবস্থায় সর্বোত্তম প্রতিনিধিত্ব করে এবং হাইলাইট করে যে কিভাবে আমরা নীতি বাস্তবায়নকারী, উদ্ভাবক এবং কমিউনিটির অংশীদারগণ এম্পায়ার স্টেট জুড়ে পরিবেশ-বান্ধব পরিবহন বিকল্পগুলোকে বাড়ানোর জন্য একসাথে কাজ করতে পারি।"

**নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন কমিশনার এবং ক্লাইমেট অ্যাকশন কাউন্সিলের সহ-সভাপতি বেসিল সেগোস বলেন**, "দূষণের কারণে অসমনুপাতিকভাবে প্রভাবিত কমিউনিটিগুলোতে যানবাহনের গ্যাস নির্গমন কমানোর কাঙ্খিত প্রচেষ্টাগুলো একটি পরিবেশ-বান্ধব পরিবহন খাত তৈরি করতে ও জনস্বাস্থ্য রক্ষার জন্য গুরুত্বপূর্ণ। গভর্নর হোকলের নেতৃত্বে, নিউ ইয়র্কের ক্লিন ট্রান্সপোর্টেশন প্রাইজ প্রোগ্রাম টেকসই সমাধানগুলোতে বিনিয়োগ অব্যাহত রাখে যা পিছিয়ে পড়া কমিউনিটির পরিবারের চাহিদা পূরণ করে, জলবায়ু বিষয়ক নেতৃত্ব এবং কমিউনিটি সুরক্ষা আইনে বর্ণিত আমাদের স্টেটের উচ্চাভিলাষী গ্রিনহাউস গ্যাস নির্গমন হ্রাসের লক্ষ্যগুলোকে এগিয়ে নিয়ে যায় এবং আমাদের স্টেটকে একটি সবুজ, স্বাস্থ্যকর ভবিষ্যতের জন্য গড়ে তোলে।"

**নিউ ইয়র্ক স্টেট পাবলিক সার্ভিস কমিশনের চেয়ারম্যান ররি এম. ক্রিশ্চিয়ান বলেন**, "আমি গভর্নর হোকলকে অভিনব পরিবেশ-বান্ধব পরিবহন এবং যাতায়াত সংশ্লিষ্ট সমস্যা সমাধানে তার অব্যাহত সমর্থনের জন্য সাধুবাদ জানাই যাতে পিছেয়ে পড়া কমিউনিটির পরিবহন চাহিদাবলি সমাধান করা যায়। এই কৌশলগত সহযোগিতার মাধ্যমে, আমরা কার্বন নির্গমন কম করে, বায়ুর গুণমান উন্নত করে এবং সমস্ত নিউ ইয়র্কবাসীর জন্য স্বাস্থ্যকর কমিউনিটি গঠন করে এমন যুক্তিযুক্ত সমাধান প্রতিষ্ঠা করে একটি পরিবেশ-বান্ধব পরিবহন ভবিষ্যতের দিকে স্টেটের আধুনিকায়নকে ত্বরান্বিত করছি।"

**নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশন কমিশনার মেরি থেরেসে ডমিনগুয়েজ বলেন**, "জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াই করার জন্য গভর্নর হোকলের শীর্ষ-নেতৃস্থানীয় এজেন্ডা এবং জলবায়ু বিষয়ক নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইনের উচ্চাভিলাষী লক্ষ্যগুলো বাস্তবায়নে সমর্থন এবং অংশীদারিত্বের জন্য স্টেট ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশন (State Department of Transportation) গর্বিত। ক্লিন ট্রান্সপোর্টেশন প্রাইজ প্রোগ্রামের মতো ভবিষ্যৎ-চিন্তামূলক উদ্যোগের মাধ্যমে, আমরা যাতায়াতের ক্ষেত্রে সবুজ মোডগুলোকে প্রচার করতে পারি যা যানবাহনের গ্যাস নির্গমন কমাতে, বায়ুর গুণমান উন্নত করতে এবং সমগ্র নিউ ইয়র্ক স্টেট জুড়ে কমিউনিটির জনস্বাস্থ্য এবং জীবনযাত্রার মান উন্নত করতে সহায়তা করে।"

**লং আইল্যান্ড পাওয়ার অথরিটির চিফ এক্সিকিউটিভ অফিসার টমাস ফ্যালকোন বলেন**, "লং আইল্যান্ড পাওয়ার অথরিটি স্টেট জুড়ে পিছিয়ে পড়া কমিউনিটিগুলোতে পরিবেশ-বান্ধব পরিবহনের কথা বলে জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াই করার জন্য গভর্নর হোকলের এজেন্ডাকে সমর্থন করতে পেরে গর্বিত। এই উদ্যোগগুলোতে বিনিয়োগের মাধ্যমে, আমরা এমন একটি সেক্টরে কার্বন হ্রাস কার্যক্রম চালাতে টেকসই পরিবহন ব্যবস্থার প্রচার চালিয়ে যাব যা নিউ ইয়র্কের প্রায় এক তৃতীয়াংশ কার্বন নির্গমনে ভূমিকা রাখে এবং লং আইল্যান্ড ও আমাদের স্টেট জুড়ে পরিবারবর্গের জন্য স্বাস্থ্যকর কমিউনিটি গড়ে তোলে।"

**স্টেট সিনেটর টিম কেনেডি বলেন,** "যেহেতু আমরা জলবায়ু বিষয়ক নেতৃত্ব এবং কমিউনিটি সুরক্ষা আইনের লক্ষ্যগুলোকে বাস্তবায়ন করছি তাই নিউ ইয়র্ক স্টেট আশেপাশের এলাকায় পরিবহন ব্যবস্থার প্রভাব মোকাবেলায় পদক্ষেপ নিচ্ছে। পরিবেশ-বান্ধব পরিবহন ব্যবস্থায় বিনিয়োগের মাধ্যমে, আমরা সরাসরি জলবায়ু-পরিবর্তনকারী গ্যাস নির্গমনের নেতৃস্থানীয় সমস্যাগুলোর মধ্যে একটির মোকাবেলা করছি এবং নিশ্চিত করছি যে নিউ ইয়র্কবাসীগণ এগিয়ে যাচ্ছে। এই অনুদান আমাদের অর্থনীতি এবং আমাদের পরিবেশকে সহায়তা করবে।"

**অ্যাসেম্বলিমেম্বার মাইকেল কুসিক বলেন,** "পরিবহন থেকে গ্রীনহাউস গ্যাস নির্গমন হ্রাস করা এবং ক্লিন এনার্জির দক্ষতা বৃদ্ধির উদ্ভাবনী উপায় খুঁজে বের করা মানে হলো নিউ ইয়র্ক স্টেটের CLCPA লক্ষ্য পূরণের জন্য যা প্রয়োজন তাই। আমি নিউ ইয়র্ক ক্লিন ট্রান্সপোর্টেশন প্রাইজ প্রোগ্রামের বিজয়ীদের তাদের সৃজনশীল ধারণা এবং আমাদের স্টেটের ভবিষ্যতের জন্য একটি বিশুদ্ধ পরিবেশ নিশ্চিত করতে নিউ ইয়র্ক স্টেটের প্রতি তাদের প্রতিশ্রুতির জন্য অভিনন্দন জানাই।"

**ট্রাই-স্টেট ট্রান্সপোর্টেশন ক্যাম্পেইনের এক্সিকিউটিভ ডিরেক্টর রেনা রেনল্ডস বলেন**, "টেইলপাইপ নির্গমন শ্বাসকষ্টজনিত অসুস্থতা এবং অনেক অসুবিধার মধ্যে থাকা কমিউনিটির অকাল ধ্বংসে মূল ভূমিকা পালন করে। বায়ু দূষণ এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াই করার সবচেয়ে কার্যকর উপায় হলো গাড়ির ব্যবহার থেকে লোকজনকে বের করে আনা ও গণপরিবহনে আরো বেশি মানুষকে সম্পৃক্ত করা এবং ট্রানজিট বিদ্যুতায়িত হলে এটি আরো বেশি কার্যকরী হবে। আমরা আশা করি যে আজকে উপস্থাপিত প্রকল্পগুলো আমাদের একটি পরিবেশ-বান্ধব, আরো টেকসই ভবিষ্যতের কাছাকাছি নিয়ে আসবে এবং যারা এটি পরবর্তী রাউন্ডে পৌঁছে দিয়েছে আমরা তাদের অভিনন্দন জানাই।"

**প্রাকৃতিক সম্পদ সুরক্ষা কাউন্সিলের ক্লিন ভেহিকেলস অ্যান্ড ফুয়েলস অ্যাডভোকেট ক্যাথি হ্যারিস বলেন,** "পরিবেশ-বান্ধব পরিবহন প্রোগ্রামের প্রতি NYSERDA-এর সহায়তা শুধুমাত্র পরিবহন সংশ্লিষ্ট গ্যাস নির্গমন কমাতেই সাহায্য করবে না বরং পরিবহন দূষণের কারণে ক্ষতিগ্রস্থ কমিউনিটিগুলোতে বায়ুর গুণগতমান এবং স্বাস্থ্যের উন্নতিতেও সাহায্য করবে। নিউ ইয়র্কবাসীদের জন্য শূন্য-গ্যাস নির্গমন পরিবহন ব্যবস্থায় স্থানান্তর এবং যাতায়াতের বিকল্পগুলো বাড়ানো মানে স্টেটের কমিউনিটিগুলোতে বায়ুর গুণমান এবং জীবনযাত্রার মান উন্নত করার একটি মূল কৌশল। নিউ ইয়র্ককে একটি যুক্তিযুক্ত পরিবর্তনকে সমর্থন করে এমন নীতি ও প্রোগ্রামগুলোকে এগিয়ে নেওয়া দেখার অপেক্ষায় আমরা আছি।"

এই বছরের শেষের দিকে যখন আবেদনগুলো চাওয়া হবে তখন গ্র্যান্ড প্রাইজ প্রাপ্তদের NYSERDA-এর ক্লাইমেট জাস্টিস ফেলোশিপ-এর একজন সহকর্মী নিয়োগ করার আহ্বান জানানো হবে। প্রোগ্রামটির মাধ্যমে, যে কমিউনিটিতে প্রতিটি প্রকল্প সংঘটিত হয় বা অগ্রাধিকারপ্রাপ্ত জনসংখ্যা থেকে একজন পূর্ণ-সময়কালীন সহকর্মীকে গ্র্যান্ড প্রাইজ পুরস্কারপ্রাপ্তদের সাথে কাজ করার জন্য নিয়োগ করা যেতে পারে। NYSERDA এবং ন্যাশনাল রিনিউয়েবল এনার্জি ল্যাব (National Renewable Energy Lab) NYSERDA-এর সাথে সহকর্মী উপবৃত্তি এবং NREL প্রশিক্ষণ,

শিক্ষামূলক উপকরণ, গবেষণা ও অন্যান্য সহায়তা প্রদানের জন্য প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তহবিল প্রদানের প্রচেষ্টাকে সমর্থন করবে।

NYSERDA এবং পুরস্কারপ্রাপ্তরা পরবর্তী তিন বছরে কমিউনিটির চাহিদা এবং নিউ ইয়র্ক স্টেটের জলবায়ু আইনের লক্ষ্যগুলোর তুলনায় তাদের প্রভাব পরিমাপ করার জন্য প্রকল্পগুলো সক্রিয়ভাবে পর্যবেক্ষণ করবে। পুরস্কারপ্রাপ্ত প্রতিটি প্রজেক্ট ও সামগ্রিক প্রোগ্রাম মূল্যায়ন করা হবে এবং উদ্ভাবনী পরিবহন মডেলগুলোর অগ্রগতি ও রেপ্লিকেশনকে উৎসাহিত করতে প্রতিবেদন এবং অনলাইন আপডেটের মাধ্যমে ফলাফলগুলো শেয়ার করা হবে।

পুরস্কার প্রোগ্রামটি নিউ ইয়র্ক স্টেটের 701 মিলিয়ন মার্কিন ডলারের ইভি মেক রেডি প্রোগ্রামের মাধ্যমে বিনিয়োগকারীর মালিকানাধীন ইউটিলিটিগুলো কর্তৃক তহবিল গঠন করা হয় যাতে চার্জিং স্টেশন, বৈদ্যুতিক গাড়ির অবকাঠামো এবং পরিবেশ-বান্ধব অন্যান্য পরিবহন বিকল্প ব্যবস্থাগুলোতে অ্যাক্সেস বাড়ানো এবং নিম্ন-আর্থ-সামাজিক ও পিছিয়ে পড়া কমিউনিটির জন্য যুক্তিযুক্ত অ্যাক্সেস ও সুবিধাগুলোকে সমর্থন করা হয়। লং আইল্যান্ড পাওয়ার অথরিটি ইলেকট্রিক মোবিলিটি চ্যালেঞ্জের অধীনে লং আইল্যান্ডে পুরস্কারের অর্থায়নের জন্য নিউ ইয়র্ক ক্লিন ট্রান্সপোর্টেশন প্রাইজ প্রোগ্রামে অংশীদারিত্ব করেছে।

সমস্ত প্রোগ্রাম ফাইনালিস্ট সম্পর্কে আরো তথ্য জানতে, অনুগ্রহ করে নিউ ইয়র্ক ক্লিন ট্রান্সপোর্টেশন প্রাইজ ওয়েবসাইটটি ভিজিট করুন।

নিউ ইয়র্ক স্টেটের 1 বিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ তার পরিবহন খাতকে বিদ্যুতায়িত করার জন্য স্টেটের সুস্পষ্ট জলবায়ু এবং পরিবেশ-বান্ধব এনার্জি পরিকল্পনা বাস্তবায়নের জন্য গুরুত্বপূর্ণ। স্টেট, গভর্নর হোকলের নেতৃত্বে, 2035 সালের মধ্যে বিক্রি হওয়া সমস্ত নতুন যাত্রীবাহী গাড়ি ও ট্রাকগুলো শূন্য পরিমাণ গ্যাস নির্গমনের পাশাপাশি সমস্ত স্কুল বাস একই বছর শূন্য পরিমাণ গ্যাস নির্গমনের ব্যবস্থা করার জন্য দ্রুত পদক্ষেপ নিচ্ছে। যানবাহন থেকে কার্বন নিঃসরণ ও দূষণ হ্রাস বিশুদ্ধ বাতাস এবং স্বাস্থ্যকর কমিউনিটি গঠন করে বিশেষ করে পিছিয়ে পড়া এলাকায়। ইভি মেক রেডি (EV Make Ready), ইভলভ এনওয়াই (EVolve NY), ড্রাইভ ক্লিন রিবেট (The Drive Clean Rebate), নিউ ইয়র্ক ট্রাক ভাউচার ইনসেনটিভ প্রোগ্রাম (The New York Truck Voucher Incentive Program), চার্জ এনওয়াই (Charge NY) এবং ন্যাশনাল ইলেকট্রিক ভেহিকল ইনফ্রাস্ট্রাকচার প্রোগ্রাম (National Electric Vehicle Infrastructure Program)-এর অধীনে ফেডারেল তহবিল সহ সমস্ত নিউ ইয়র্কবাসীর জন্য বৈদ্যুতিক যানবাহনগুলোতে অ্যাক্সেস বৃদ্ধি এবং পরিবেশ-বান্ধব ট্রানজিট সুবিধা উন্নত করার বিভিন্ন উদ্যোগ।

## নিউ ইয়র্ক স্টেটের দেশের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ুর কর্মসূচী হল জাতির সব চেয়ে বেশি আক্রমণাত্মক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা সুশৃঙ্খল ও ন্যায্যভাবে পরিচ্ছন্ন শক্তিতে উত্তরণের আহ্বান করে যা চাকরি তৈরি করে এবং নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারী থেকে উদ্ধারলাভের সাথে সাথে একটি সবুজ অর্থনীতিকে প্রতিপালন করা অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং জনসমাজের সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection

Act) এর মাধ্যমে আইনের অন্তর্ভুক্ত করার পরে, নিউ ইয়র্ক 2040 এর মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎশক্তির ক্ষেত্রে তার বাধ্যতামূলক লক্ষ্য অর্জনের পথে এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 এর মধ্যে 70 শতাংশ পুনর্নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতি ব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। স্টেট জুড়ে 120টি বড়-মাত্রার নবায়নযোগ্য ও বিতরণের প্রকল্পে 35 বিলিয়ন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 1.8 বিলিয়ন ডলার, নির্মল পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে 1.6 বিলিয়ন ডলারের বেশি সহ, এটি নির্মল জ্বালানির মাত্রা বৃদ্ধি করার জন্য নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগের সাথে যুক্ত হয়েছে। সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2020 সালে নিউইয়র্কের নির্মল জ্বালানি খাতে 158,000 এরও বেশি চাকরি, 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বায়ুশক্তি গড়ে তোলার প্রতিশ্রুতিকে সমর্থন করে। জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্ক এই অগ্রগতির উপর ভিত্তি করে গড়ে তুলবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমন 1990 সালের মাত্রা থেকে 85 শতাংশ কমিয়ে আনবে, যেখানে ক্লিন এনার্জি বিনিয়োগ সুবিধার 40 শতাংশের লক্ষ্যে কমপক্ষে 35 শতাংশ সুবিধাবঞ্চিত কমিউনিটির জন্য নির্দেশিত এবং 185 ট্রিলিয়ন BTU-গুলোর প্রান্তিক পর্যায়ে এনার্জি সঞ্চয়ের মাধ্যমে সাইটের এনার্জি সংশ্লিষ্ট ব্যয় হ্রাস করার জন্য স্টেটের 2025 সালের এনার্জি দক্ষতা লক্ষ্যের দিকে অগ্রগতি নিশ্চিত করা হয়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418